

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ
বিজ্ঞান মেলায়
দেশসেরা খুদে
বিজ্ঞানীরা

■ সমকাল প্রতিবেদক
অবৈধ রেলক্রসিং কিংবা হস্তচালিত ব্যারিকেডের কারণে রেল দুর্ঘটনা এখন নিত্যকার ঘটনা। এ নিয়ে শাহরিয়ারের উদ্বেগের কমটি নেই। 'এনালগ রেলক্রসিংয়ের পরিবর্তে অটোরেলক্রসিং তৈরি করলেই তো সমস্যা অনেকটা মিটে যায়'। যেই ভাবনা সেই কাজ। অবশেষে সফলতা ধরা দিল নাটোরের এই কিশোর বিজ্ঞানীর হাতে। আবিষ্কার করল 'অটোরেল ব্যারিকেড ও লেভেল ক্রসিং'। কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজের প্রতিনিধি হিসেবে বিজ্ঞান মেলায় নিজের এ উদ্ভাবনসমেত অংশ নিয়ে জিতে নিল প্রথম পুরস্কার। নাটোর জেলার শ্রেষ্ঠ কিশোর বিজ্ঞানী হিসেবে এবার স অংশ নিচ্ছে জাতীয় পর্যায়ে 'প্রযুক্তি সপ্তাহ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে গতকাল রোববার রাজধানীর জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে শুরু হয়েছে তিন দিনব্যাপী এ বিজ্ঞান মেলা। শাহরিয়ারের মতো প্রত্যেক জেলা থেকে আসা শ্রেষ্ঠ খুদে বিজ্ঞানীরাই হাজির হয়েছে। ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৩

বিজ্ঞান মেলায়
[তৃতীয় পৃষ্ঠার পর]
বিজ্ঞান জাদুঘর আয়োজিত এ মেলায় ইটের ভাটার ধোয়া বিতর্ককরন পাম্প নিয়ে মেলায় এসেছে যশোর সরকারি এমএম কলেজ ৪দলনেতৃত্বাধীনাফ্রায়াতের নেতৃত্বে ৬ সদস্যের দলটি মেলায় আগতদের ঠিকঠাক বুঝিয়ে দিচ্ছে। কীভাবে পাম্পটি কাজ করে, নষ্ট করে দেয় ধোয়ার ক্ষতিকর প্রভাব।
এ বছরের ৫ জানুয়ারির পর থেকে বিএনপি নেতৃস্বর্ধীন ২০ দলীয় জোটের হরতাল-অবরোধ চলাকালে বাসে পেট্রোল বোমার আক্রমণ ছিল আলোচিত ঘটনা। টানা তিন মাসে পেট্রোল বোমার আঘাতে অগ্নিদগ্ন হয়ে নিহত মানুষের সংখ্যা ছিল অনেক। আহত তো ছিলই। সেজন্যই বোধহয় এবারের মেলায় পেট্রোল বোমা নিরোধক বাস নিয়ে হাজির হয়েছে কমপক্ষে তিনটি দল। অবশ্য নাইমের নেতৃত্বে গাইবান্ধার আমার বাংলা বিদ্যাপিঠের খুদে বিজ্ঞানীদের উদ্ভাবনে ভিন্নতা ছিল। খাবার সোডা আর ভিনেগারের মিশ্রণ কীভাবে পেট্রোলের আগুন নেভাতে পারে, সে প্রক্রিয়াটি হাতে-কলমে দর্শনাথীদের দেখিয়ে দিচ্ছে তাদের দল।
'প্রযুক্তি করিতে পারে দারিদ্র্য মোচন'-এ প্রতিপাদ্য নিয়ে গতকাল রোববার ৩৬তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করেন বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী হুপতি ইয়াফেস ওসমান। বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর অডিটোরিয়ামে জাদুঘরের মহাপরিচালক স্বপন কুমার রায়ের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আ ফ ম রুহুল হক সাবেক স্বাস্থ্য প্রতিমন্ত্রী অধ্যাপক ডা. এম আমান উল্লাহ এমপি, অতিরিক্ত সচিব মজিবুর রহমান, জাদুঘরের কিউরেটর কাজী হাসিবুদ্দিন আহমেদ প্রমুখ।
ইয়াফেস ওসমান বলেন, এভারেস্টের চূড়ায় ওঠা আর ইংলিশ চ্যানেল পার হওয়ার মতো বিরল কৃতিত্ব অর্জন করেছে বাংলাদেশের তরুণরা। বিজ্ঞানের নিতুনতুন উদ্ভাবনের ক্ষেত্রেও বাংলাদেশ এগিয়ে যাবে। তিনি বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের কৃতিত্বের গৌরবগাথা নিয়ে স্বরচিত কবিতা আবৃত্তির মাধ্যমে তুলে ধরেন।
আ ফ ম রুহুল হক বলেন, ৩৬ জেলা পর্যায়ে নয়, উপজেলা ও ইউনিয়ন পর্যায়েও বিজ্ঞান মেলা আয়োজন করতে হবে। স্কুল-কলেজগুলোতে ল্যাবরেটরির সংখ্যা বাড়াতে হবে।
তিন দিনব্যাপী মেলার সমাপনী অনুষ্ঠান হবে আগামীকাল মঙ্গলবার দুপুর ২টায়। সেখানে বিজ্ঞানীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।